

মিডিয়া বিজ্ঞপ্তি:

## সামিট ইবিএল থেকে ৭১.২৫ মিলিয়ন মার্কিন ডলারের সোয়াপ-সুবিধা গ্রহণ করলো



**ফটো ক্যাপশন:** সামিট গ্রুপের পরিচালক আজিজা আজিজ খান এবং ইবিএলের ম্যানেজিং ডিরেক্টর এন্ড সিইও আলী রেজা ইফতেখার সহ উভয় প্রতিষ্ঠানের উর্ধ্বতন কর্মকর্তার উপস্থিতিতে ৭১.২৫ মিলিয়ন মার্কিন ডলার ঋণের সোয়াপ-সুবিধা চুক্তি সম্পন্ন হয়।

(ঢাকা) অক্টোবর ০১, ২০১৮: সামিট গ্রুপ ৭১.২৫ মিলিয়ন মার্কিন ডলারের সোয়াপ-সুবিধার জন্য ইস্টার্ন ব্যাংক লিমিটেডের (ইবিএল) সাথে চুক্তিবদ্ধ হলো। সামিট গ্রুপের দুটি বিদ্যুৎ কেন্দ্র, সামিট বরিশাল পাওয়ার লিমিটেড (১২০ মেগাওয়াট) এবং সামিট নারায়নগঞ্জ পাওয়ার ইউনিট ২ লিমিটেডের (৬২ মেগাওয়াট) জন্য এই সুবিধা নেওয়া হয়েছে। বাংলাদেশের বেসরকারি ব্যাংকিং খাতে এই সোয়াপ-সুবিধার চুক্তি প্রথম।

সামিটের এই দুটি বিদ্যুৎ কেন্দ্র অর্থায়িত হয়েছে এক্সটারনাল কমার্শিয়াল বোরোয়িং দ্বারা যা মার্কিন ডলার তিন মাস লাইবর-এর হারে নিশ্চিত করা হয়েছে। যেহেতু, মার্কিন ডলার তিন মাস মেয়াদী লাইবর হার একটি ফ্ল্যাটিং রেট এবং মার্কেট ঝুঁকিতে সুরক্ষিত নয় তাই ইবিএল একটি ইন্টারেস্ট রেট সোয়াপ-সুবিধা গঠন করেছে বাজার ঝুঁকি সুরক্ষার (হেজ) জন্য।

এই চুক্তি সামিটকে সাহায্য করবে মার্কিন ডলার তিন মাস মেয়াদী লাইবর হারের প্রতিকূল তারতম্য মানিয়ে নিতে যা ছাড়া প্রকল্পের অর্থায়ন খরচ বেড়ে যাওয়ার ঝুঁকি বাড়িয়ে দিতে পারত। সম্প্রতি মার্কিন ডলারের উর্ধ্বগতিতে এই দুটি বিদ্যুৎ কেন্দ্রের দীর্ঘমেয়াদী অর্থায়ন সম্পর্কে সুদূরপ্রসারী নিয়ন্ত্রণ থাকবে।

এই মাইলফলক চুক্তিটি বাংলাদেশী ব্যবসার কাছে ইবিএলের হেজ-সুবিধা দেবার দুয়ার উন্মোচন করল। বিশ্বের বড় উৎপাদনকারী এবং ব্যবসায়ীদের কাছে জনপ্রিয় হয়ে উঠছে এই হেজ-সুবিধা বিশেষ করে পরিবর্তনশীল বাজারে।

ইবিএলের প্রধান কার্যালয়ে আয়োজিত অনুষ্ঠানে উপস্থিত ছিলেন সামিট গ্রুপের পরিচালক আজিজা আজিজ খান, সামিট পাওয়ার লিমিটেডের ম্যানেজিং ডিরেক্টর লে. জে. আবদুল ওয়াদুদ (অব.), সামিট পাওয়ার ইন্টারন্যাশনালের সিএফও এলমাহাদী তাহরী, সামিট কর্পোরেশনের এক্সিকিউটিভ ডিরেক্টর সৈয়দ এ কে রাহাত জামান সোহেল, ইবিএলের ম্যানেজিং ডিরেক্টর এন্ড সিইও আলী রেজা ইফতেখার, অ্যাডিশনাল ম্যানেজিং ডিরেক্টর হাসান ও রশিদ এবং ডেপুটি ম্যানেজিং ডিরেক্টর আহমেদ শাহীন প্রমুখ।

**বিস্তারিত তথ্যের জন্য:**

মোহসেনা হাসান | ই: [mohsena.hassan@summit-centre.com](mailto:mohsena.hassan@summit-centre.com) | মো. +৮৮০১৭১৩০৮১৯০৫